# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১.▶** বর্তমানে ব্যবসায় শুধু পণ্য দ্রব্যের ক্রয়-বিক্রয়ের মধ্যে সীমাবদ্ধ নয়। ব্যবসায় যেকোনো দেশের আর্থ-সামাজিক রাজনৈতিক তথা সামগ্রিক উন্নয়নে বিশেষ অবদান রেখে চলেছে।

ক. ব্যবসায় কী? ১

খ. ব্যবসায়ের বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো। ২

গ. ব্যবসায়ের প্রকারভেদ চিহ্নিত করে তার বর্ণনা দাও। ৩

ঘ. "বর্তমান বিশ্বে ব্যবসায়ের গুরুত্ব অপরিসীম"— বিশ্লেষণ করো। ৪

**২.▶** জনাব আলী একজন কৃষক। তিনি গ্রামের স্থানীয় একটি এনজিও থেকে ক্ষুদ্র ঋণ নিয়ে একটি ট্রাক্টর কিনেছেন। স্বল্প সময়ে মান উন্নত হওয়ায় পণ্য বিক্রি করে লাভবান হয়েছেন। তিনি ভাবছেন যদি ট্রাক্টরের পাশাপাশি পণ্য বিক্রি ও বন্টনের কাজে উন্নত প্রযুক্তির ব্যবহার করা যেত তাহলে মধ্যস্থ ব্যবসায়ীর হাত থেকে কৃষক সমাজ রক্ষা পেত।

ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. সামাজিক প্রথা দেশের ব্যবসায় বাণিজ্যকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. জনাব আলীর গৃহীত ঋণটি ব্যবসায় পরিবেশের কোন উপাদানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. পণ্য বিক্রি ও বন্টনের কাজে উন্নত প্রযুক্তি ব্যবহারের সার্থকতা ব্যাখ্যা করো। ৪

**৩.▶** শিক্ষিত যুবক আরিফ পর্যটন থেকে রান্নার ওপর প্রশিক্ষণ গ্রহণ করে নিজস্ব চিন্তা ও বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে ঢাকার খিলগাঁয়ে একটি ফাস্ট ফুডের দোকান দেন। প্রতিষ্ঠানটি উন্নতি লাভ করায় তিনি আরো দুটি শাখা খোলার ও

Teachingbd24.com
https://teachingbd24.com

কর্মচারী নিয়োগের চিন্তাভাবনা করছেন।

ক. ব্যবসায়ে সাফল্যের গুরুত্বপূর্ণ শর্ত কী? ১

খ. আত্মকর্মসংস্থানকে বেছে নেওয়ার আগে কী কী লক্ষ্য নির্ধারণ করতে হবে? ২

গ. আরিফ নিজেকে কোন পেশায় নিয়োজিত করলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বর্তমান প্রেক্ষাপটে আরিফের পেশাটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৪.▶ কয়েকজন ব্যক্তি নিজেদের মধ্যে আস্থা ও বিশ্বাসের ভিত্তিতে ১০ বছর সময়কালের জন্য একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলে। কিন্তু নির্দিষ্ট সময়কাল অতিবাহিত হবার আগেই ঘটনাক্রমে ৩ জন অংশীদার আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হয়। ফলে প্রতিষ্ঠান বন্ধ হয়ে যায়।

ক. অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি কী? ১

খ. অংশীদারদের দায় 'অসীম' বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত প্রতিষ্ঠানটির বিলোপ সাধনের যৌক্তিকতা তুলে ধরো। ৪

৫.▶ মিসেস কবির পণ্য ক্রয়ের বিষয়ে খুবই সচেতন। কোনো পণ্য কিনতে গেলে তিনি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কী না তা দেখেন। ব্র্যান্ড-এর পণ্য কেনার প্রতি তার আগ্রহ থাকায় তিনি মনে করেন বড় প্রতিষ্ঠানে অবশ্যই একটা মান মেনে চলা হয়।

ক. কপিরাইট কী? ১

খ. পরিবেশ দূষণ বলতে কী বোঝায়? ২

গ. মিসেস কবির কোন ধরনের কর্তৃপক্ষের অনুমোদন দেখেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মিসেস কবির যে আইনগত বিষয়টি দেখে পণ্য ক্রয় করেন তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

৬.▶ লামিয়া আক্তার একজন নারী উদ্যোক্তা। নিজস্ব বিচার-বিবেচনা, জমি ও পুঁজি নিয়ে একটি বস্ত্র কারখানা স্থাপন করেন। বর্তমানে তার কারখানার উৎপাদিত পণ্য বেশ জনপ্রিয়তা অর্জন করেছে।

ক. কুটির শিল্পের কারিগর কারা? ১

খ. উন্নত ও অনুন্নত শিল্প এলাকা বলতে কী বোঝায়? ২

Teachingbd24.com

গ. বাংলাদেশের অর্থনীতিতে লামিয়া আক্তারের শিল্পটি কোন ধরনের? এর অবদান বর্ণনা করো। ৩

ঘ. লামিয়া আক্তার একজন সফল নারী উদ্যোক্তা— বিশ্লেষণ করো। ৪

**৭.** ▶ মি. জামাল একটি ফাস্ট ফুডের দোকান প্রতিষ্ঠা করেন। কিন্তু ক্রমাগত লোকসান হওয়ায় পরিকল্পনা অনুযায়ী ব্যবসায় পরিবর্তন করে মুদির দোকান দিলেন। ব্যবসায় পরিবর্তন ও লোকসানের জন্য তাকে ব্যাংক ঋণ নিতে হয়েছে। বর্তমানে তার মুদির দোকান লাভজনক অবস্থায় আছে।


ক. পরিকল্পনা কী? ১

খ. পরিকল্পনাকে ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি বলা হয় কেন? ২

গ. মি. জামালকে নতুন ব্যবসায়ের বিপণন পরিকল্পনায় কী কী বিষয় বিবেচনায় আনতে হবে? বর্ণনা করো। ৩

ঘ. ব্যবসায়ে পরিকল্পনার গুরুত্ব অনুচ্ছেদের আলোকে মূল্যায়ন করো। ৪

**৮.** ▶




ক. ব্যবস্থাপনা কী? ১

খ. ব্যবস্থাপনার বৈশিষ্ট্যগুলো কী কী? ২

গ. ব্যবস্থাপনার কার্যাবলি হিসাবে পরিকল্পনার গুরুত্ব আলোচনা করো। ৩

ঘ. "ব্যবস্থাপনার কার্যাবলি একের পর এক আবর্তিত হয়"— বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৯.▶ ব্যবসায়-বাণিজ্যের সম্প্রসারণের ফলে ক্রেতা আজ ঘরে বসেই পণ্য ক্রয় করতে পারে। উৎপাদকের কাছ থেকে পণ্যকে ক্রেতার কাছে পৌঁছে দিতে ব্যবহৃত হয় পরিবহন ও বণ্টন প্রণালি। বাজারজাতকরণ প্রক্রিয়াকে সচল রাখতে বণ্টন প্রণালি বিশেষ ভূমিকা পালন করে থাকে।

ক. বিপণন উৎপাদনকারী এবং ভোক্তার মধ্যে কী হিসাবে কাজ করে? ১

খ. বিজ্ঞাপন কিভাবে সামাজিক ও নৈতিক সচেতনতা সৃষ্টি করে? ২

গ. বিপণনে বণ্টন প্রণালির প্রয়োজনীয়তা বর্ণনা করো। ৩

ঘ. "বাজারজাতকরণ প্রক্রিয়াকে সচল রাখতে বণ্টন প্রণালি বা এর সদস্যরা বিশেষ ভূমিকা পালন করে"– কথাটি আলোচনা করো। ৪

১০.▶ জনাব সামাদ বিদেশ থেকে ফিরে বন্ধুর পরামর্শে একটি পোলট্রি ফার্ম স্থাপন করার সিদ্ধান্ত নিলেন। বিভিন্ন মাধ্যমে সরকারি, বেসরকারি সহায়তার কথা শুনে তিনি ফার্মটি চালু করলেন। ফার্মের সফলতায় তিনি আরো দুটি ফার্ম স্থাপন ও সম্প্রসারণের কথা ভাবছেন। এজন্য তাকে অর্থের সংস্থান করতে হবে।

ক. বিসিকের কাজ কী? ১

খ. বিডিবিএল কী? বর্ণনা করো। ২

গ. জনাব সামাদ কোন সহায়তায় ফার্ম স্থাপনে আগ্রহী হয়েছিলেন এবং কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "জনাব সামাদের বর্তমান পরিস্থিতিতে আরো সহায়তার প্রয়োজন"– সপক্ষে যুক্তি দেখাও ৪

১১.▶ মনির ও সামসুল দুজনে ব্যবসায়ী। মনির সীমিত মুনাফা ও মানসম্মত সেবা– এ দুই নীতির আলোকে ব্যবসায় করেন। অন্যদিকে, সামসুল ধনী হবার আশায় নিম্নমানের পণ্য দিয়ে ক্রেতাদের ঠকায়।

ক. মূল্যবোধ অর্থ কী? ১

খ. ব্যবসায় সামাজিক দায়বদ্ধতার প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মনির ব্যবসায়ের কোন নীতি অনুসরণ করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. সামসুল এর নীতি কী ব্যবসায়বান্ধব? মতামত বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৪০ মিনিট পূর্ণমান— ৪০

বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. পরিকল্পনা প্রণয়ন কীসের অন্তর্ভুক্ত?**

ক) ব্যবসায়ের খ) প্রশাসনের
গ) সরকারের ঘ) ব্যবস্থাপনার

**২. মধ্যস্থ ব্যবসায়ী হচ্ছে?**

i. পাইকার → খুচরা ব্যবসায়ী
ii. খুচরা ব্যবসায়ী → উৎপাদক
iii. প্রতিনিধি বা এজেন্ট → খুচরা বিক্রেতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩. বায়ুদূষিত হয় কীসের মাধ্যমে?**

ক) শিল্পবর্জ্য পদার্থের কারণে
খ) বেশি বৃষ্টিপাতের কারণে
গ) যানবাহনের ধোঁয়ার ফলে
ঘ) গাছ কাটার কারণে

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব সাকিল দীর্ঘদিন বিদেশে ছিলেন। সম্প্রতি দেশে ফিরে অতি অল্প সময়ের মধ্যে নিজ এলাকায় একটি ফাস্ট ফুডের দোকান দেন। এলাকাটি জনবহুল হলেও অর্থনৈতিকভাবে অনগ্রসর। ফলে তার প্রত্যাশিত মুনাফা অর্জিত হয়নি।

**৪. জনাব সাকিল ব্যবসায় শুরুর আগে কোন দিকটি বিবেচনা করেননি?**

ক) বাজারের আকার
খ) পণ্যের চাহিদা
গ) শিক্ষার হার
ঘ) পণ্যের মান

**৫. জনাব সাকিলের ব্যবসায়ে সফলতা না আসার কারণ—**

i. ভোক্তার আয় কম
ii. সঠিক পণ্য নির্বাচন না করা
iii. বাজারের আকার ছোট

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. ক্রেতা অনুসন্ধান বিপণনের কোন কাজের অন্তর্ভুক্ত?**

ক) ভোক্তা বিশ্লেষণ খ) তথ্য সংগ্রহ
গ) বিক্রয় ঘ) পরিবহন

**৭. স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদি ঋণদানের উৎস কোনটি?**

ক) জনতা ব্যাংক খ) আত্মীয়স্বজন
গ) বিডিবিএল ঘ) কেন্দ্রীয় ব্যাংক

**৮. আত্মবিশ্বাস বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলি?**

ক) শারীরিক খ) নৈতিক
গ) অর্থনৈতিক ঘ) মানসিক

**৯. যে নেতৃত্ব ব্যবস্থায় নেতা ক্ষমতার কেন্দ্রীয়করণ করে তাকে কী বলে?**

ক) গণতান্ত্রিক নেতৃত্ব
খ) স্বৈরতান্ত্রিক নেতৃত্ব
গ) মুক্ত নেতৃত্ব
ঘ) আমলাতান্ত্রিক নেতৃত্ব

**১০. সমর্থনমূলক সহায়তা কোনটি?**

ক) পরামর্শ দান
খ) পুঁজির সংস্থান
গ) তথ্য সরবরাহ
ঘ) ব্যবসায় আধুনিকায়ন

**১১. 'স্বদেশী পণ্য কিনে হও ধন্য' বিজ্ঞাপনটি উৎসাহিত করে—**

ক) স্বাতন্ত্র্যবোধ খ) জাতীয়তাবোধ
গ) দেশপ্রেম ঘ) ধর্মপ্রেম

**১২. কোন বিমার ক্ষেত্রে ক্ষতিপূরণের পরিমাণ নির্ণয় করা দুঃসাধ্য?**

ক) অগ্নিবিমা খ) শস্য বিমা
গ) নৌ বিমা ঘ) জীবন বিমা

**১৩. আত্মকর্মসংস্থানের জন্য অপরিহার্য কী?**

ক) নৈপুণ্য খ) বেশি পুঁজি
গ) অভিজ্ঞতা ঘ) আন্তরিকতা

Teachingbd24.com

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।

স্যামসন এইচ চৌধুরী অফুরন্ত উদ্যম ও সাহস নিয়ে ঔষধ উৎপাদন করেন। তার উদ্ভাবিত ঔষধের গুণগতমান ছিল উন্নত।

১৪. 'তার উদ্ভাবিত ঔষধের গুণগতমান ছিল উন্নত'— এটি কোন গুণের বহিঃপ্রকাশ?

ক সততা খ অধ্যবসায়ী

গ পরিশ্রমী ঘ উদ্যমী

১৫. তার পুঁজি ছিল—

i. উদ্যম ii. প্রচুর অর্থ

iii. সাহস

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. 'ঝুঁকি বন্টন অংশীদারি ব্যবসায়ের একটি—

ক সুবিধা খ বৈশিষ্ট্য

গ অসুবিধা ঘ বিষয়বস্তু

১৭. পণ্যের প্রতীককে কী বলে?

ক পেটেন্ট খ কপিরাইট

গ ট্রেডমার্ক ঘ রেজিস্ট্রেশন

১৮. সম আয়-ব্যয় বিন্দুকে সংক্ষেপে কী বলা হয়?

ক SAB খ BEF

গ BEP ঘ UVC

১৯. নিচের কোনটি উন্নত শিল্প এলাকা?

ক জামালপুর খ শেরপুর

গ নেত্রকোনা ঘ নারায়ণগঞ্জ

২০. কোন পণ্যের ক্ষেত্রে মোড়কিকরণ আবশ্যক?

ক কৃত্রিম খ প্রাকৃতিক

গ কৃষিজাত ঘ শিল্পজাত

২১. ব্যবসায়ের উৎপত্তির মূল কারণ কোনটি?

ক প্রয়োজন বোধ খ অভাব বোধ

গ চাহিদা ঘ দায়বোধ

২২. শিল্প বিপ্লব প্রথম কোন মহাদেশে শুরু হয়?

ক এশিয়া খ ইউরোপ

গ আফ্রিকা ঘ উত্তর আমেরিকা

২৩. নিচের কোনটির দ্বারা মানুষ ব্যাপকভাবে প্রভাবিত হয়?

ক পরিবেশ খ ব্যবসায়

গ রাজনীতি ঘ সম্পদ

২৪. একমালিকানা ব্যবসায়ের জন্য প্রযোজ্য নয় কোনটি?

ক পচনশীল পণ্যের ব্যবসায়

খ রাসায়নিক পণ্যের ব্যবসায়

গ ক্ষুদ্র কুটির শিল্প

ঘ মনোহারি দোকান

২৫. BSTI-এর কাজের অন্তর্ভুক্ত কোনটি?

i. ভেজাল পণ্য রোধ

ii. বিদেশি পণ্যের সঠিকতা পরীক্ষা

iii. খাদ্যের পুষ্টিমান যাচাই

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. ব্যবসায়ের মুখ্য কাজ কী?

ক উৎপাদন খ বণ্টন

গ সেবা দেওয়া ঘ বিজ্ঞাপন

২৭. যেকোনো দেশের উন্নয়নে কোন খাত মুখ্য ভূমিকা পালন করে?

ক কৃষি খ অর্থনৈতিক

গ শিল্প ঘ প্রাকৃতিক

২৮. উদ্যোক্তার অর্থনৈতিক বৈশিষ্ট্য কোনটি?

ক পেশাগত অভিজ্ঞতা

খ পারিবারিক মর্যাদা

গ বিক্রয় করার গুণাবলি

ঘ চ্যালেঞ্জ নেওয়ার সাহস

২৯. বাজিতপুরে জহুরুল ইসলামের হাসপাতালটি কত শয্যা বিশিষ্ট?

ক ৩৫০ খ ৩৬০

গ ৩৬৫ ঘ ৩৭০

৩০. ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য কয়টি?

ক ২টি খ ৩টি

গ ৪টি ঘ ৫টি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | * | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | * | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ |

* বি. দ্র. ১১. সঠিক উত্তর: খ ও গ। ২০. সঠিক উত্তর: গ ও ঘ।

https://teachingbd24.com